DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) 🗓 তৈরি: 16 Aug 2026, 05:18 AM

খেলা

# ১৯ সেকেন্ডে গোল হজম করেও জিতল নেইমারের সান্তোস

প্রতিবেদক: স্পোর্টস ডেস্ক
প্রকাশের তারিখ: বুধবার, ২৯ জুলাই ২০২৬, ১০:৪৯ AM



ছবি সংগৃহীত

ম্যাচ শুরুর বাঁশি বাজার মাত্র ১৯ সেকেন্ডের মাথায় রক্ষণের মারাত্মক ভুলে গোল হজম করে বসে দল। তবে প্রথমার্ধের সেই শুরুর ধাক্কা সামলে নিয়ে কোপা সুদামেরিকানার প্লে-অফের দ্বিতীয় লেগে দারুণ এক জয় তুলে নিয়েছে ব্রাজিলের ঐতিহ্যবাহী ক্লাব সান্তোস। ভেনিজুয়েলার দল ইউনিভার্সিদাদ সেন্ট্রালকে ৪-২ ব্যবধানে হারিয়েছে তারা।

দুই লেগ মিলে ৮-৩ ব্যবধানে জিতে কোপা সুদামেরিকানার শেষ ১৬-তে জায়গা করে নিয়েছে সান্তোস। কোয়ার্টার ফাইনালে ওঠার লড়াইয়ে পরবর্তী রাউন্ডে তারা ইকুয়েডরের ক্লাব মাকারা-র মুখোমুখি হবে।

ভিলা বেলমিরো স্টেডিয়ামে ম্যাচের একদম শুরুতেই ভ্যাবাচেকা খেয়ে যায় সান্তোস। মাত্র ১৯ সেকেন্ডে ডিফেন্ডার অ্যাডোনিস ফ্রিয়াসের ব্যাক পাস ভুল করে গিয়ে পড়ে ইউনিভার্সিদাদ সেন্ট্রালের সামুয়েল সোসার পায়ে। সান্তোস গোলরক্ষক গ্যাব্রিয়েল ব্রাজাওকে বোকা বানিয়ে

দারুণ চিপ শটে সফরকারীদের ১-০ গোলে এগিয়ে দেন সোসা।

শুরুর ধাক্কা সামলে উঠে প্রথমার্ধেই খেলায় সমতা ফেরায় সান্তোস। একক প্রচেষ্টায় গোল করে দলকে ১-১ সমতায় ফেরান বলিভিয়ান মিডফিল্ডার মিগুয়েলিতো।

প্রথমার্ধে প্রধান তারকাদের ছাড়া একাদশ নামালেও দ্বিতীয়ার্ধে বেশ কিছু পরিবর্তন এনে খেলার গতি বাড়ায় সান্তোস। একের পর এক আক্রমণে কোণঠাসা হয়ে পড়ে ইউনিভার্সিদাদ সেন্ট্রাল।

গ্যাব্রিয়েল বনতেম্পোর পাসে চমৎকার ফিনিশিংয়ে সান্তোসকে ২-১ ব্যবধানে এগিয়ে দেন গ্যাব্রিয়েল বারবোসা। আর ম্যাচের ৬৫তম মিনিটে বারবোসার একটি শট ক্রসবারে লেগে ফেরত আসলে ফিরতি বলে ব্যবধান ৩-১ করেন গ্যাব্রিয়েল মেনিনো।

ম্যাচের শেষদিকে ইউনিভার্সিদাদ সেন্ট্রালের মতেস এক গোল শোধ করে খেলায় ফেরার চেষ্টা চালায় ইউনিভার্সিদাদ। ৭২তম মিনিটে ব্যবধান ৩-২ করেন গঞ্জালো মোতেস। কিন্তু শেষ মুহূর্তে গ্যাব্রিয়েল বনতেম্পোর বাড়ানো বল ধরে সান্তোসের হয়ে চতুর্থ গোলটি করেন রনি। ফলে ৪-২ গোলের বড় জয় নিশ্চিত হয় সান্তোসের।

ম্যাচের প্রথমার্ধে মাঠে দেখা যায়নি নেইমারকে। দ্বিতীয়ার্ধে তাকে বদলি হিসেবে মাঠে নামায় কোচ। কিন্তু দল জিতলেও মাঠে খুব একটা প্রভাব ফেলতে পারেননি নেন নেইমার। ম্যাচে কোনো গোল করতে পারতে পারেননি তিনি, ছিল না কোনো অ্যাসিস্টও।

---


## এ বিভাগের আরও খবর



**ডারউইন টেস্টে ইতিহাস গড়তে বাংলাদেশের দরকার ৫৭ রান**
অস্ট্রেলিয়ার মাটিতে ইতিহাস গড়ার হাতছানি বাংলাদেশের সামনে। ডারউইন টেস্টে স্বাগতিক অস্ট্রেলিয়াকে দ্বিতীয় ইনিংসে ২৮৪ রানে অলআউট করে জয়ের জন্য ৫...




### তৃতীয় দিনের প্রথম সেশন শেষে বাংলাদেশের লিড ২১৯

মেহেদী হাসান মিরাজের ছক্কায় তৃতীয় দিনের প্রথম সেশন শেষ করল বাংলাদেশ। লাঞ্চের আগে অস্ট্রেলিয়ার বিপক্ষে বাংলাদেশের লিড দাঁড়িয়েছে ২১৯ রানের। ১৩...



### মিরাজের ফিফটিতে অস্ট্রেলিয়ার বিপক্ষে ৪০০ পেরোল বাংলাদেশ

ডারউইনের মারারা স্টেডিয়ামে অস্ট্রেলিয়ার বিপক্ষে দারুণ নিয়ন্ত্রণে রয়েছে বাংলাদেশ। দলীয় সংগ্রহ ৪০০ রান পেরিয়েছে। একই সঙ্গে লিডও ছাড়িয়েছে ২০০ র...



### অস্ট্রেলিয়ার মাটিতে তানজিদের ইতিহাসগড়া সেঞ্চুরি

অবশেষে সঙ্গী পেলেন শাহরিয়ার নাফিস। শেষ হলো তাঁর ২০ বছরের অপেক্ষা। একই সঙ্গে অপেক্ষার অবসান হলো বাংলাদেশেরও।অস্ট্রেলিয়ার বিপক্ষে সেঞ্চুরি করা...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/sports/19-sekende-gol-hjm-kreo-jitl-neimarer-santos